# B.A. Semester-III Examination, 2022-23

## বাংলা [ প্রোগ্রাম ]

**Course ID : 30118 Course Code : AP/BNG/301/C-1C**

**Course Title : ভাষার ইতিহাস (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)**

সময় : ২ ঘন্টা পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার নিদর্শন কোন্ গ্রন্থে পাওয়া যায়?

খ) প্রাচীন ভারতীয় আর্যভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

গ) ক্লাসিক্যাল সংস্কৃতে ক্রিয়ার কাল ছিল কতগুলি ও কী কী?

ঘ) মধ্যভারতীয় আর্যভাষার কালসীমা নির্দেশ করো।

ঙ) মধ্য ভারতীয় আর্যভাষার আঞ্চলিক রূপগুলি কী কী?

চ) কোন্ পর্বের আর্যভাষায় অন্ত্যমিল যুক্ত কবিতার সূচনা হয়?

ছ) পালিভাষার দুটি ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

জ) কামরূপী উপভাষার প্রচলন কোন্ কোন্ অঞ্চলে লক্ষ্য করা যায়?

(পরের পাতায়)

২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) নব্যভারতীয় আর্যভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

খ) টীকা : অবহট্‌ঠ ভাষা

গ) মধ্য ভারতীয় আর্যভাষার সাহিত্যিক নিদর্শনগুলির বিশদ পরিচয় দাও।

ঘ) বঙ্গালী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ভারতীয় আর্যভাষার যুগগত নাম ও কালগত সীমা উল্লেখ করে প্রত্যেক যুগের ভাষার তিনটি করে ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।

খ) প্রাচীন ভারতীয় আর্যভাষা ও ক্লাসিক্যাল সংস্কৃত ভাষা সম্পর্কে একটি তুলনামূলক আলোচনা করো।

গ) মধ্যভারতীয় আর্যভাষার আঞ্চলিক রূপবৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো।

ঘ) ঝাড়খণ্ডী উপভাষার বিস্তার উল্লেখ করে এর ভাষাতাত্ত্বিক বিশেষত্বের দিকগুলি উল্লেখ করো।

———————